135

দৈনিক ইনকিলাব

তারিখ ...11 DEC..1997... ...
পৃষ্ঠা .. ১ কলাম... ৬.....

### পার্বত্যচুক্তি বাতিলের দাবী

# আজ ছাত্রদলের ডাকে : সারা দেশে শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র ধর্মঘট

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ জাতীয়তাবাদী ছাত্রদলের ডাকে আজ সারা দেশের কলেজ ও বিশ্ববিদ্যালয়সহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র ধর্মঘট। পার্বত্য চট্টগ্রাম নিয়ে সংবিধান ও জাতীয় স্বার্থবিরোধী কালোচুক্তি স্বাক্ষরের প্রতিবাদ ও অবিলম্বে এই চুক্তি বাতিলের দাবী এবং শিক্ষাঙ্গনে সরকারী ছাত্র সংগঠনের নগ্ন সন্ত্রাস ও দেশব্যাপী সরকারী শ্বেত সন্ত্রাসের প্রতিবাদে ছাত্রদল এই ধর্মঘট আহবান করেছে। ছাত্রদল সভাপতি শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি ও সাধারণ সম্পাদক হাবিব-উন-নবী সোহেল আজকের ধর্মঘট সফল করার জন্য সারা দেশের ছাত্রছাত্রী এবং ছাত্রদল কর্মীদের প্রতি আহবান জানিয়েছেন।

আজকের ছাত্র ধর্মঘটের সমর্থনে গতকাল

১১-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

## ছাত্র ধর্মঘট

প্রথম পৃষ্ঠার পর

ঢাকা বিশ্ববিদ্যালয় ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের উদ্যোগে মিছিল সমাবেশ অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল শেষে ডাকসু ভবনের সামনে অনুষ্ঠিত সমাবেশে ছাত্রদল সভাপতি শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি বলেন, তাঁবেদার সরকার কর্তৃক দেশের স্বাধীনতা-সার্বভৌমত্ব, অখন্ডতা বিপন্ন করে সংবিধান ও গণস্বার্থবিরোধী চুক্তি করে ভারতের মদদপুষ্ট খুনী শান্তিবাহিনীর হাতে পার্বত্য চট্টগ্রামকে তুলে দেয়ার বিরুদ্ধে দেশের ছাত্র সমাজ দেশনেত্রী বেগম খালেদা নেতৃত্বে ঐক্যবদ্ধ রয়েছে। কালো চুক্তি বাতিল না করা পর্যন্ত ছাত্র সমাজ আন্দোলন চালিয়ে যাবে। তিনি এই চুক্তির বিরুদ্ধে আন্দোলনরত ছাত্র-জনতার উপর নির্যাতনের নিন্দা করে বলেন, ছাত্র সমাজ অতীতে যেভাবে স্বৈরাচারী এরশাদকে পদানত করেছে, তেমনি আন্দোলনের মাধ্যমে স্বৈরাচারিণী শেখ হাসিনার পতন ঘটাবে।